



২৪৬/বাইবি/পরীক্ষা/বিএ/বিএসএস/২০০৩/৭৬১৪

তারিখ : ০৩/০২/২০২০

আঞ্চলিক পরিচালক

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

আঞ্চলিক কেন্দ্র (সকল)।

বিষয় : বিএ এবং বিএসএস পরীক্ষা-২০১৮ এর ফলাফল পুনঃনিরীক্ষণ প্রসঙ্গে।

জনাব

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত বিএ এবং বিএসএস পরীক্ষা-২০১৮ এর ১ম, ২য়, ৩য়, ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ সিমেন্টারের বিষয়ভিত্তিক ফলাফলসহ চূড়ান্ত ফলাফল প্রকাশিত হয়েছে।


২। যে সকল শিক্ষার্থী ফলাফল পুনঃ নিরীক্ষা করতে ইচ্ছুক তাদেরকে বাউবির নির্ধারিত ব্যাংকে প্রতি বিষয়ে পুনঃনিরীক্ষণ ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা জমা দিয়ে exam.bou.edu.bd ওয়েব সাইটে “বিএ/বিএসএস অভিযোগ ও পুনঃনিরীক্ষণের আবেদন” লিংকে গিয়ে আগামী ০৫/০২/২০২০ তারিখ হতে ২৬/০২/২০২০ খ্রি: তারিখের মধ্যে আবেদন করতে হবে।

৩। অনলাইন আবেদন ফরমে শিক্ষার্থী যে যে কোর্সে পুনঃনিরীক্ষা করতে ইচ্ছুক সেগুলোর ডানপাশে “পুনঃনিরীক্ষার আবেদন” নির্বাচন করতে হবে। এরপর नीচে ফি এর তথ্য এবং “যে কার্যালয়ে ফি এর তথ্য জমা দিতে চান” (যেমন, আঞ্চলিক কেন্দ্র/উপ-আঞ্চলিক কেন্দ্র/পরীক্ষা বিভাগ, বাউবি) তা নির্বাচন করে সাবমিট করতে হবে। টাকা জমাদানের রশিদসহ আবেদন পত্রের প্রিন্ট কপি আবেদনে উল্লিখিত কার্যালয়ে নির্ধারিত তারিখের মধ্যে জমা দিতে হবে। উল্লেখ্য, কারও একাধিক বিষয়ে অভিযোগ ও পুনঃনিরীক্ষার আবেদন থাকলে একসাথে একই ফরমে সম্পন্ন করে একবারই সাবমিট করতে হবে। কারণ একবার সাবমিট হলে পুনরায় আবেদন করার সুযোগ থাকবেনা।

৪। সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্র/উপ-আঞ্চলিক কেন্দ্র/পরীক্ষা বিভাগ, বাউবি তাঁদের User ID ও Password দিয়ে exam.bou.edu.bd ওয়েব সাইটে লগইন করে পুনঃনিরীক্ষার ফি যাচাইপূর্বক চূড়ান্ত সাবমিট করবেন।

অনলাইন ছাড়া সরাসরি কোন আবেদন গ্রহণ করা হবে না। বিষয়টি আপনার আঞ্চলিক কেন্দ্রাধীন সকল উপ-আঞ্চলিক কেন্দ্র, স্টাডি সেন্টার ও সংশ্লিষ্ট শিক্ষার্থীদের অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল।

ধন্যবাদসহ।


০৬/০২/২০২০

পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থে।

১। ডীন, এসএসএইচএল, বাউবি।

২। পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি।

৩। পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি (পত্রটি বাউবির ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল)।

৪। যুগ্ম-পরিচালক ও একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৫। উপ-পরিচালক, প্রো-উপাচার্যের দপ্তর, বাউবি (প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৬। সংরক্ষণ নথি।